

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.০৮৯.২৩.৩৮৪

১১ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: “নিটিং এন্ড নীট ও ওভেন গার্মেন্টস” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ১৪৪১, তারিখঃ ২২/১১/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স এম. এম (মাল্টি মাইন্ড) নীট গার্মেন্টস লিঃ, অফিস ও কারখানাঃ এম এম প্রাজা, ডাকঘর-বিকেএসপি, সাভার, ঢাকা নামক কারখানাটি “নিটিং এন্ড নীট ও ওভেন গার্মেন্টস” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ-০০০৪৩৮-২০১৭, তারিখ-১৯/০৬/২০১৭ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- ST-MT200, তারিখ- 24/10/2023 খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- JPOSA0000056756, তারিখ-11/11/2023 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ১৬,০০০.০০ মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ এম এম প্রাজা, ডাকঘর-বিকেএসপি, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- (ক) বিনামূল্যে প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
(খ) প্রেরিত মেশিনারিজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ এম এম প্রাজা, ডাকঘর-বিকেএসপি, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করতে হবে।
(গ) উল্লেখিত মেশিনারিজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।



২৭-১১-২০২৩
কামরুল আলম
সহকারী পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.৯৯.০৮৯.২৩.৩৮৪/১
(৫)

১১ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম/ঢাকা।;

- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এম. এম (মাল্টি মাইন্ড) নীট গার্মেন্টস লিঃ, অফিস ও কারখানাঃ এম এম প্লাজা, ডাকঘর-বিকেএসপি, সাভার, ঢাকা।;
- ৪। সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর এবং
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



A handwritten signature in black ink, appearing to be 'Kamrul Alam'.

২৭-১১-২০২৩
কামরুল আলম
সহকারী পরিচালক